

86 items

## ফেনীতে ৪০টি হাইস্কুলে প্রধান শিক্ষকের পদ শূন্য

প্রতিনিধি, ফেনী

জেলার ১৫৮টি হাই স্কুলের মধ্যে ৪০টিতে প্রধান শিক্ষকের পদ দীর্ঘদিন ধরে শূন্য থাকায় শিক্ষা কার্যক্রম ব্যাহত হচ্ছে। জেলায় ১৫৮টি হাই স্কুল, ৬টি স্কুল আন্ড কলেজ ও ১০টি জুনিয়র হাই স্কুল রয়েছে। ফেনী সদর উপজেলায় ৫২টি, ছাগলনাইয়া উপজেলায় ২৬টি পরগরাম উপজেলায় ১৫টি, ফুলগাজী উপজেলায় ২০টি, দাগনভূঞা উপজেলায় ২৬টি ও সোনা গাজী উপজেলায় ১৯টি হাই স্কুল রয়েছে। এর মধ্যে ৪০টি হাইস্কুলের প্রধান শিক্ষকের পদ দীর্ঘদিন ধরে শূন্য রয়েছে। উপস্থযোগ্য স্কুলগুলো হলো- সদর উপজেলার ফেনী সরকারি পাইলট হাইস্কুল, ফেনী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, পাঁচগাছিয়া হাই স্কুল, ফতেপুর হাইস্কুল, কালীপুর হাইস্কুল, জোড়াজল হোসেন হাইস্কুল, ইজ্ঞতপুর হাই স্কুল, বাসিগাঁও হাইস্কুল, দোস্ত মোসাম্মদ হাই স্কুল, ম্যাকরেটরি হাইস্কুল, কেএম হাইস্কুল, মঠবাড়িয়া হাইস্কুল, জিন্নাহ হাইস্কুল, কামদেবী হাইস্কুল, ঝাইয়ারা হাইস্কুল, মধুপুর হাইস্কুল ও চাঁড়িপুর হাইস্কুল। দাগনভূঞা উপজেলায় জয়লভর হাইস্কুল, সাপুড়া হাইস্কুল, দুধনুবা হাইস্কুল ও সুজাতপুর হাইস্কুল। ছাগলনাইয়া উপজেলার ছাগলনাইয়া পাইলট হাইস্কুল, দুর্গাপুর হাইস্কুল ও পূর্ব দেবপুর হাইস্কুল, ফুলগাজীতে ফুলগাজী পাইলট হাইস্কুল, বিএম হাট হাইস্কুল এবং সোনালগাজী উপজেলার আরএম হাট হাইস্কুল, দাগের হাট হাইস্কুল, আহাম্মদপুর হাইস্কুল, ছোঁরবাজার হাইস্কুল, আনিসরাবাদ হাইস্কুল ও

গোমা বাজার হাইস্কুল।

ভাছাড়া জেলার বিভিন্ন উপজেলায় ৯৮টি মাদ্রাসার মধ্যে ১২টিতে অধ্যক্ষ পদ দীর্ঘদিন ধরে শূন্য রয়েছে। এছাড়া হাইস্কুলগুলোতে ২১০টি সহকারী শিক্ষকের পদ ও কয়েকটি সুইকারী প্রধান শিক্ষকের পদ শূন্য রয়েছে এবং আগামী কয়েক দিনের মধ্যে আরও ২০টি হাই স্কুলের প্রধান শিক্ষকের পদ শূন্য হবে বলে বিভিন্ন সূত্রে জানা গেছে। ছাত্রছাত্রী, অভিভাবক ও শিক্ষকসহ বিভিন্ন মহলের অভিযোগ জানা যায়, দীর্ঘদিন ধরে প্রধান শিক্ষক, সহকারী প্রধান শিক্ষক, শিক্ষক এবং মাদ্রাসায় অধ্যক্ষের পদ শূন্য থাকায় শিক্ষাপ্রতিষ্ঠানগুলোয় পাঠদান বিঘ্নিত হচ্ছে।